# বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়
## উপদেশ, প্রসারণ ও গবেষণা কার্যক্রম পরিদপ্তর
## ঢাকা-১০০০, বাংলাদেশ

পরিচালক

টেলিফোন: ৯৬৬৩১২৯ (অফিস), পিএবিএক্স: ৯৬৬৫৬৫০-৮০,৮৬১৬৮৩৩-৩৮,৮৬১৪৬৪০-৪৪,৮৬১৮৩৪৪-৪৯/৭৩৫৪,৭৪৯৩,৭৫১৫ (অফিস)
Fax: +880 2 9665622 Email: daers@buet.ac.bd

নং-ডিএইআরএস/সবিম/প্রঃ-১/পদক (মনোনয়ন-২০১৪)/ডিআর-২১৮-(২৯) তারিখ-০৭/১০/২০১৩

সকল অনুষদের ডীন
সকল বিভাগীয় প্রধান
পরিচালক, IWFM, IAT, IICT, JIDPUS, CES, DCE, ARI
বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

বিষয়ঃ **একুশে পদক-২০১৪ এর মনোনয়ন প্রসঙ্গে।**

উপরোক্ত বিষয়ে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় থেকে প্রাপ্ত একখানা পত্র ও নীতিমালাসমূহ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো। এতদবিষয়ে মন্ত্রণালয়ের প্রণীত নীতিমালা ও শর্তাবলীর আলোকে যোগ্য ও আগ্রহী প্রার্থীর মনোনয়ন নির্ধারিত প্রস্তাবিত ব্যক্তি সম্পর্কিত তথ্যের ছক ও প্রস্তাবিত প্রতিষ্ঠান সম্পর্কিত ছক যথাযথভাবে পূরণ করে আগামী ০৩/১১/২০১৩ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর অফিসে প্রেরণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

উল্লেখ্য, একুশে পদকের জন্য প্রস্তাবিত ব্যক্তি সম্পর্কিত তথ্যের ছক ও প্রস্তাবিত প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্যের ছক নিম্নস্বাক্ষরকারীর দপ্তর থেকে সংগ্রহ করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে

ধন্যবাদান্তে,

(অধ্যাপক ড. সেখ রিয়াজ আহমেদ)
পরিচালক, ডি এ ই আর এস

Scan+mail

নং-ডিএইআরএস/সবিম/প্রঃ-১/পদক (মনোনয়ন-২০১৪)/ডিআর-২১৮-(২৯)/২ তারিখ-০৭/১০/২০১৩

১। পিএস টু ভিসি (মাননীয় ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২। রেজিস্ট্রার, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

hp/Drive-E/CASR Let/All Head (Bangla-page/148)/2013

অতি জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(www.moca.gov.bd)

স্মারক: ৪৩.০০.০০০০.১১১.২৩.০৬৭.১৩/৫২২ — ০৩ আশ্বিন ১৪২০ / ১৮ সেপ্টেম্বর ২০১৩

*বিষয় : একুশে পদক ২০১৪ এর মনোনয়ন প্রসঙ্গে।*

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে অন্যান্য বছরের ন্যায় ২০১৪ সালেও সরকার কর্তৃক ভাষা আন্দোলন, শিল্পকলা (সংগীত, নৃত্য, অভিনয়, চারুকলা সহ সকল ক্ষেত্র), মুক্তিযুদ্ধ, সাংবাদিকতা, গবেষণা, শিক্ষা, বিজ্ঞান ও প্রযুক্তি, অর্থনীতি, সমাজসেবা, রাজনীতি, ভাষা ও সাহিত্য এবং সরকার কর্তৃক নির্ধারিত অন্য কোন ক্ষেত্রে বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ ব্যক্তি (জীবিত/মৃত), গোষ্ঠী, প্রতিষ্ঠান ও সংস্থাকে *একুশে পদক* প্রদান করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

২। এ পদক প্রদানের প্রস্তাব বিবেচনার জন্য *একুশে পদক* নীতিমালা ও একুশে পদকের মনোনয়ন ফরম এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো। আগামী ১৫ নভেম্বর ২০১৩ তারিখের মধ্যে এ বিষয়ে মনোনয়ন/প্রস্তাব সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

*সংযুক্ত : বর্ণনামতে।*

১৮/০৯/১৩
(মোসাঃ রাবেয়া বসরী)
সহকারী সচিব (প্রশাসন-১)
দূরভাষ: ৯৫৭০৬৬৭

*বিতরণ: মন্ত্রণালয়/বিভাগ সমূহের মাননীয় সচিববৃন্দ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):*

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
০৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। সিনিয়র সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
০৯। সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
১৩। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
১৪। সচিব, জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
১৫। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার , পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১। সচিব, পরিসংখ্যান বিভাগ, আগারগাঁও, ঢাকা।
২২। সচিব, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৩। সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৪। সচিব, মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৫। সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৬। সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৭। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৮। সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষযক বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৯। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩০। সচিব, নৌ পরিবহণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩১। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩২। সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৩। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৪। সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৫। সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৬। সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৭। সচিব, বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

Director, DAERS
7/10/13

চলমান পৃষ্ঠা-২

৩৮। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৯। সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেল ভবন, ঢাকা।
৪০। সচিব, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪১। সচিব, সেতু বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়, বনানী, ঢাকা।
৪২। সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৩। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়, আগারগাঁও, ঢাকা।
৪৪। সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৫। সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৬। সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
৪৭। সচিব, বাস্তবায়ন, পরীবিক্ষণ ও মুল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৪৮। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সচিবালয় রিং রোড, ঢাকা।
৪৯। সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫০। সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল, ঢাকা।
৫১। সচিব, দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫২। সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫৩। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেবেবাংলা নগর, ঢাকা।
৫৪। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন, তেজগাঁও, ঢাকা।
৫৫। সচিব, প্রাইভেটাইজেশন কমিশন, সচিবালয় লিংক রোড, ঢাকা।
৫৬। সচিব, দূর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা।
৫৭। সচিব, বিনিয়োগ বোর্ড, দিলকুশা বানিজ্যিক এলাকা, ঢাকা।
৫৮। সচিব, তথ্য কমিশন, আগারগাঁও, ঢাকা।

*পাবলিক বিশ্ববিদ্যালয়:*

উপাচার্য/রেজিষ্ট্রার, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

*সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা:*

০১। মহাপরিচালক, বাংলা একাডেমী, ঢাকা।
০২। মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমী, ঢাকা।
০৩। মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর, ঢাকা।
০৪। মহাপরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, ঢাকা।
০৫। পরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
০৬। পরিচালক, আরকাইভস্ ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
০৭। নির্বাহী পরিচালক, নজরুল ইনস্টিটিউট, ঢাকা।
০৮। পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র, ঢাকা।
০৯। রেজিষ্ট্রার, কপিরাইট অফিস, ঢাকা।
১০। পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, সোনারগাঁও, নারায়ণগঞ্জ।
১১। পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমী, বিরিশিরি, নেত্রকোণা।
১২। পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি।
১৩। পরিচালক; রাজশাহী বিভাগীয় ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমী, রাজশাহী।
১৪। পরিচালক, মণিপুরী ললিতকলা একাডেমী, মৌলভীবাজার
১৫। পরিচালক, কক্সবাজার সাংস্কৃতিক কেন্দ্র, কক্সবাজার।
১৬। পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাংগামাটি।
১৭। পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, বান্দরবান।

*জেলা প্রশাসক (সকল):*

জেলা প্রশাসক, ............................ ।

*স্বাধীনতা/একুশে পদক প্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠান ঃ*

.....................................................

স্মারক: ৪৩.০০.০০০০.১১১.২৩.০৬৭.১৩/৫২২

০৩ আশ্বিন ১৪২০
১৮ সেপ্টেম্বর ২০১৩

*অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:*

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৮/০৯/১৩
(মোসাঃ রাবেয়া বসরী)
সহকারী সচিব (প্রশাসন-১)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-সবিম/প্রঃ-১/একুশে পদক-৮/২০০৭/ ৭৮৫ তারিখ ঃ ২৮ নভেম্বর' ২০১০

**বিষয় ঃ "একুশে পদক" নীতিমালা ।**

কোন ব্যক্তি (জীবিত/মৃত), গোষ্ঠী, প্রতিষ্ঠান এবং সংস্থাকে নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহে প্রশংসনীয় ও গৌরবোজ্জ্বল অবদানের জন্য সরকার একুশে পদকে ভূষিত করিতে পারে ঃ

(i) ভাষা আন্দোলন
(ii) শিল্পকলা (সংগীত, নৃত্য, অভিনয়, চারুকলা সহ সকল ক্ষেত্র)
(iii) মুক্তিযুদ্ধ
(iv) সাংবাদিকতা
(v) গবেষণা
(vi) শিক্ষা
(vii) বিজ্ঞান ও প্রযুক্তি
(viii) অর্থনীতি
(ix) সমাজ সেবা
(x) রাজনীতি
(xi) ভাষা ও সাহিত্য এবং
(xii) সরকার কর্তৃক নির্ধারিত অন্য কোন ক্ষেত্র।

২.০ সংশ্লিষ্ট ক্ষেত্রে বিবেচ্য ব্যক্তি, গোষ্ঠী, প্রতিষ্ঠান ও সংস্থার বিশেষ অবদান থাকিতে হইবে এবং ব্যক্তির ক্ষেত্রে চরিত্র গুণ ও দেশাত্মবোধে তাঁহাকে অনবদ্য হইতে হইবে। এই ক্ষেত্রে ব্যক্তি বা প্রতিষ্ঠানের সামগ্রিক জীবনের/সময়ের কৃতিত্ব (Lifetime Achievement) সর্বাধিক গুরুত্ব পাইবে।

৩.০ পদকের সংখ্যা সাধারণভাবে কোন বৎসর **১৫ (পনের)** এর অধিক হইবে না এবং কেবলমাত্র বাংলাদেশের নাগরিক/প্রতিষ্ঠান/সংস্থা একুশে পদক পাওয়ার যোগ্য হইবেন। তবে সরকার ইচ্ছা পোষণ করিলে কোন বৎসর এই পদক প্রদানের সংখ্যা বা ক্ষেত্রের হ্রাস বা বৃদ্ধি করিবার সিদ্ধান্ত গ্রহণ করিতে পারিবে এবং বিবেচনামতে যে কোন যোগ্য ব্যক্তি/প্রতিষ্ঠানকে একুশে পদকের জন্য চূড়ান্ত মনোনয়ন প্রদান করিতে পারিবে।

৪.০ একুশে পদক হিসাবে ১৮(আঠার) ক্যারেট স্বর্ণ নির্মিত ৩৫(পঁয়ত্রিশ) গ্রাম ওজনের একটি পদক, ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা, একটি সম্মাননা পত্র ও একটি রেপ্লিকা প্রদান করা হইবে। পদক প্রাপ্তদেরকে দেয় সম্মাননা পত্র সংলাগ-'ক' নমুনানুসারে হইবে।

চলমান পাতা-২

৫.০ [illegible]

| | | | |
|---|---|---|---|
| (ক) | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী | - | সভাপতি |
| (খ) | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় প্রতিমন্ত্রী | - | সহ-সভাপতি |
| (গ) | সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | - | সদস্য |
| (ঘ) | সচিব, শিক্ষা মন্ত্রণালয় | - | সদস্য |
| (ঙ) | সচিব, তথ্য মন্ত্রণালয় | - | সদস্য |
| (চ) | মহাপরিচালক, বাংলা একাডেমী | - | সদস্য |
| (ছ) | মন্ত্রিপরিষদ বিভাগের একজন প্রতিনিধি(যুগ্ম-সচিবের নীচে নয়) | - | সদস্য |

কার্যপরিধি ঃ

(i) কমিটি প্রতি বৎসর জানুয়ারি মাসের ১ম সপ্তাহের মধ্যে প্রাপ্ত আবেদনসমূহ পরীক্ষা-নিরীক্ষা ও বাছাই করিয়া প্রাথমিকভাবে মনোনীত ব্যক্তি/প্রতিষ্ঠানের তালিকা প্রণয়ন করিবে।

(ii) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, কমিটি কর্তৃক প্রাথমিক ভাবে মনোনীত ব্যক্তি/প্রতিষ্ঠানের আবেদনের বিবরণ সম্বলিত তালিকা কাগজাদিসহ আবশ্যিকভাবে জানুয়ারি মাসের ৩য় সপ্তাহের মধ্যে জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে প্রেরণ করিবে।

৬.০ একুশে পদক প্রদানের ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে ঃ

(ক) সকল মন্ত্রণালয়/বিভাগ, জেলা প্রশাসক (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থা এবং পাবলিক বিশ্ববিদ্যালয় - কে এই বিষয়ে অবহিত করিয়া সংযুক্ত ছক অনুযায়ী তাঁহাদের নিকট হইতে প্রস্তাব আহবান করা হইবে। একুশে পদক পাওয়ার উপযুক্ত ব্যক্তিদের নামের প্রস্তাব/মনোনয়ন পাওয়ার বিষয়ে যাবতীয় তথ্য বহুল প্রচারের জন্য ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় প্রেস রিলিজ আকারে প্রকাশ করা হইবে। ইহাছাড়া তথ্য মন্ত্রণালয়ের ওয়েবসাইটে এই সংক্রান্ত পূর্ণাঙ্গ তথ্য প্রকাশ করিতে হইবে।

(খ) ইতিপূর্বে যে সকল সুধী স্বাধীনতা পদক বা একুশে পদকে ভূষিত হইয়াছেন তাঁহারাও একুশে পদকে ভূষিত হওয়ার যোগ্যতা সম্পন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানের মনোনয়ন প্রস্তাব প্রেরণ করিতে পারিবেন।

(গ) প্রস্তাবক পদকের জন্য তাঁর প্রস্তাবিত সুধীর অনধিক ৩৫০ (তিনশত পঞ্চাশ) শব্দের একটি সংক্ষিপ্ত জীবন বৃত্তান্ত (জীবন বৃত্তান্তে বর্ণিত তথ্য সঠিকতার প্রমাণপঞ্জি সহ) এবং প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রতিষ্ঠানের সংক্ষিপ্ত পরিচিতি প্রত্যয়ন পূর্বক ছক সংলগ্ন করিবেন।

(ঘ) জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের একুশে পদক মনোনয়ন বাছাই সংক্রান্ত সাব কমিটি কর্তৃক বাছাইকৃত প্রাথমিক তালিকা বিবেচনা করিয়া উক্ত তালিকা হইতে অথবা মন্ত্রিসভা কমিটির বিবেচনায় উপযুক্ত ব্যক্তি (জীবিত বা মৃত)/প্রতিষ্ঠানের নাম চূড়ান্তভাবে বাছাই করিবার পর তাহা অনুমোদনের নিমিত্তে মাননীয় প্রধানমন্ত্রীর নিকট প্রেরণ করিবেন।

(ঙ) মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনের পর ফেব্রুয়ারি মাসের প্রথম সপ্তাহে বেতার, টেলিভিশন এবং সংবাদপত্রের মাধ্যমে নির্বাচিত ব্যক্তি(বর্গ)/ প্রতিষ্ঠান(সমূহ) এর নাম প্রকাশ করা হইবে। তৎপূর্বে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় নির্বাচিত ব্যক্তি/প্রতিষ্ঠানের সহিত (মরণোত্তর পদকের ক্ষেত্রে যে কোন যোগ্য উত্তরাধিকারী/প্রতিনিধির সহিত) যোগাযোগ করিয়া তাঁহাদের নিকট হইতে পদক গ্রহণ সংক্রান্ত সম্মতিপত্র সংগ্রহ করিবে।

(চ) পদকের জন্য নির্বাচিত কোন ব্যক্তি/প্রতিষ্ঠান পদক গ্রহণে অস্বীকৃতি জানাইলে বা তিনি নির্দিষ্ট তারিখে পদক গ্রহণ করিবেন মর্মে কোন সুনিশ্চিত মতামত পাওয়া না গেলে তাহা অবিলম্বে মন্ত্রিপরিষদ বিভাগে অবহিত করিতে হইবে। উক্ত নির্বাচিত ব্যক্তি/প্রতিষ্ঠান (সমূহ)-এর নাম পদক প্রাপ্তদের চূড়ান্ত তালিকায় অন্তর্ভূক্ত হইবে না বা তাঁহার/তাঁহাদের নাম পদকপ্রাপ্ত হিসাবে ঘোষণা করা হইবে না।

চলমান পাতা-৩

(ছ) যে বৎসর একুশে পদকের জন্য ব্যক্তিবর্গ/ প্রতিষ্ঠানের নাম প্রকাশ করা হইবে সেই বৎসরেই মহামান্য রাষ্ট্রপতি/মাননীয় প্রধানমন্ত্রী পদক প্রদান করিবেন।

(জ) পদক বিতরণ অনুষ্ঠানে যোগদানকারী পদক প্রাপক অথবা উপ-অনুচ্ছেদ (ঝ) ও (ঞ) তে বর্ণিত ব্যক্তিগণ স্বীয় আবাসস্থল হইতে পদক বিতরণী অনুষ্ঠানস্থল (বিদেশে অবস্থানকারীর ক্ষেত্রে বাংলাদেশ দূতাবাস) পর্যন্ত যাওয়া-আসা বাবদ রেল, স্টিমার বা সড়ক পথে ভ্রমণের জন্য প্রথম শ্রেণীর প্রকৃত ভাড়া, বিমানে ভ্রমণের জন্য ইকোনমি শ্রেণীর প্রকৃত ভাড়া এবং সরকার নির্ধারিত হারে সর্বোচ্চ তিন দিনের দৈনিক ভাতা প্রাপ্য হইবেন। সংশ্লিষ্ট জেলা প্রশাসক/মিশন প্রধান এই দাবি পরিশোধের ব্যবস্থা করিবেন। এইরূপ পরিশোধিত অর্থ সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের বাজেট বরাদ্দ হইতে সমন্বয় করা হইবে। ভ্রমণ ভাতা ও দৈনিক ভাতার হার দ্রব্য মূল্যের সহিত সঙ্গতি রাখিয়া সরকার সময় সময় পুনঃনির্ধারণ করিবে।

(ঝ) মরণোত্তর পদক প্রদানের ক্ষেত্রে এবং যে সকল ক্ষেত্রে পদক প্রাপক অনিবার্য কারণবশতঃ পদক বিতরণী অনুষ্ঠানে উপস্থিত হইতে অপারগ, সে সকল ক্ষেত্রে পদক প্রাপকের স্ত্রী বা স্বামী অথবা যথাযথ উত্তরাধিকারী পদক গ্রহণের জন্য অনুষ্ঠানে উপস্থিত থাকিতে পরিবেন।

(ঞ) যদি পদক প্রাপক অথবা মরণোত্তর পদক প্রাপ্ত ব্যক্তির যথাযথ উত্তরাধিকারী এমন কোন দেশে অবস্থান করেন যেখানে বাংলাদেশের দূতাবাস রহিয়াছে, সেই ক্ষেত্রে পদক বিতরণী অনুষ্ঠান দূতাবাসে অনুষ্ঠিত হইবে এবং দূতাবাস প্রধান পদক প্রদান করিবেন। পুরস্কারের অর্থ দূতাবাস কর্তৃক পদক প্রাপককে প্রদান করা হইবে এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় দূতাবাসকে উক্ত অর্থ পুনর্ভরণ করিবে।

(ট) কোন পদক প্রাপক বা মরণোত্তর পদক প্রাপ্ত ব্যক্তির যথাযথ উত্তরাধিকারী এমন কোন দেশে অবস্থান করেন যেখানে বাংলাদেশের দূতাবাস নাই, সেই ক্ষেত্রে বীমাকৃত ডাকযোগে অথবা অন্য কোন অনুমোদিত পদ্ধতির মাধ্যমে পদক তাঁহার নিকট প্রেরণ করা হইবে। পুরস্কারের অর্থ বাংলাদেশী মুদ্রার বিনিময় হারের ভিত্তিতে সংশ্লিষ্ট দেশের মুদ্রায় অথবা ইউ.এস ডলার/পাউন্ড স্টার্লিং-এ প্রদান করা হইবে।

(ঠ) কোন পদক প্রাপক বা মরণোত্তর পদক প্রাপ্ত ব্যক্তির যথাযথ উত্তরাধিকারী পদক বিতরণী অনুষ্ঠানে উপস্থিত থাকিতে সক্ষম না হইলে তিনি পদকটি বীমাকৃত ডাকযোগে অথবা অন্য কোন অনুমোদিত পদ্ধতির মাধ্যমে তাঁহার নিকট প্রেরণের অভিপ্রায় ব্যক্ত করিতে পারিবেন।

(ড) একুশে পদকের জন্য সাব কমিটি কর্তৃক মনোনীত সুধীবৃন্দ/প্রতিষ্ঠানের নাম জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে প্রেরণের পর যে সকল সুধী/প্রতিষ্ঠান ঐ বছর একুশে পদক প্রাপ্ত হইবেন না, তাঁহাদের নাম পরবর্তী বৎসরে বিবেচনার জন্য প্রেরণ করা যাইবে।

(ঢ) এই নীতিমালা অবিলম্বে কার্যকর হইবে এবং ইতিপূর্বে জারীকৃত এতদসংক্রান্ত সকল নির্দেশাবলী/নিয়মাবলী এতদ্দ্বারা বাতিল বলিয়া গণ্য হইবে।

২৮.১১.১০

(সুরাইয়া বেগম, এনডিসি)
ভারপ্রাপ্ত সচিব
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়